

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র পোরশা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বেতনভাতাদিঃ

'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক প্রকল্পের সংস্থান মোতাবেক প্রদান করা হবে।

শর্তাবলী:

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব সাইট(bbs.porsha.naogaon.gov.bd) অথবা (porsha.naogaon.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব সাইট(bbs.naogaon.gov.bd)থেকেও সংগ্রহ করা যাবে।

২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী)খানার তালিকা করবেন।

৩) **লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে** বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনা যত্নসহ আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন নির্বাচিত প্রার্থী নিজেকে অন্য কোন কাজে নিযুক্ত করতে পারবেন না।

৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৮) সকল পদের আবেদন ফরম বন্ধ **খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ মৌজা ও ইউনিয়নের নাম উল্লেখ পূর্বক** আগামী ১২/০১/২০২০ খ্রিঃ হতে ২০/০১/২০২০

খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রয়োজ্যক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব সাইটেও প্রকাশ করা হবে।

১১) ইউনিয়ন ভিত্তিক লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।

১৩) আবেদন পত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে।

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের- ০১ (এক)কপি ও স্ট্যাম্প সাইজের ০১ (এক) কপি ছবি সত্যায়িত।

(খ) জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি.)- ০১ (এক) কপি ফটোকপি।

(গ) জাতীয়তাবাদ/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

(ঘ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ- ০১ (এক) কপি ফটোকপি।

১৩) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগক মিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০২/০১/২০

(মো. নাজমুল হামিদ রেজা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

পোরশা, নওগাঁ।